

কারা অধিদপ্তর আভ্যন্তরীণ সংবাদ প্রবাহ-১০

(১৬ এপ্রিল ২০২৫ হতে ৩০ এপ্রিল ২০২৫)

১। সম্মানিত অতিরিক্ত কারা মহাপরিদর্শক কর্ণেল মোহাম্মদ মোস্তফা কামাল (এএফডব্লিউসি, পিএসসি) মহোদয় কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী পরিদর্শন করেন। পরিদর্শন কালে তিনি প্রশিক্ষার্থীদের পিটি, ড্রিল ও অন্যান্য বিষয় পর্যবেক্ষণ করেন এবং সঙ্ঘটি প্রকাশ করেন।



২। সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশক্রমে কারা অধিদপ্তরের ১৫ জন জেলার/কারা-উপ তত্ত্বাবধায়ককে জেল সুপার পদে পদোন্নতি প্রদান করায় মাননীয় কারা মহাপরিদর্শক মহোদয় আন্তরিক অভিনন্দন জানিয়েছেন। পরবর্তীতেও বাংলাদেশ জেল এ পদোন্নতি যোগ্য সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদের পদোন্নতির এই ধারা অব্যাহত থাকবে।

৩। গত ২৭ এপ্রিল ২০২৫ তারিখ Trust Bank PLC ও কারা অধিদপ্তরের মধ্যে একটি সমঝোতা স্মারক Memorandum of Understanding (MoU) স্বাক্ষরিত হয়েছে। Memorandum of Understanding (MoU) স্বাক্ষরিত হওয়ার ফলে এখন থেকে বাংলাদেশ জেল এর সকল কর্মকর্তা/কর্মচারী Payroll Account (Salary Account) Trust Bank PLC এ খুলতে পারবে। Trust Bank PLC কর্তৃক বাংলাদেশ জেল এর সকল কর্মকর্তা/কর্মচারীকে বিভিন্ন আকর্ষণীয় সুবিধা প্রদান করা হবে। সুবিধা সমূহ রোলকলে পাঠ করে শোনানোর জন্য অনুরোধ করা হলো।



প্রকাশনায়: প্রিজস ইন্টেলিজেন্স ইউনিট।

৪। ৩০/০৪/২০২৫ তারিখ চার সপ্তাহ মেয়াদী ১৯তম ব্যাচ পিআইইউ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স-২০২৫ এর সমাপনী অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে মাননীয় কারা মহাপরিদর্শক মহোদয় প্রশিক্ষার্থীদের মাঝে সনদপত্র প্রদানসহ নতুন পিআইইউ প্রশিক্ষার্থীদের উদ্দেশ্যে বিভিন্ন দিকনির্দেশনা মূলক বক্তব্য প্রদান করেন।



৫। পাবনা জেলা কারাগারে আটক ৫৭ জন কারা বন্দিকে জেলা যুব উন্নয়ন অধিদপ্তর পাবনা হতে গুরু মোটাজাকরণ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট বিতরণসহ জনপ্রতি ৫৯০/- টাকা করে সম্মানী ভাতা প্রদান করা হয়।



৬। বাংলাদেশ জেল এর সকল কর্মকর্তা/কর্মচারীদের মে-২০২৫ মাসের পারিবারিক মৌলিক রেশনে খোলা মশুর ডাল এর পরিবর্তে প্যাকেট জাত মশুর ডাল প্রদান করা হয়েছে।



৭। মাদক ও নিষিদ্ধ দ্রব্য সরবরাহের সাথে জড়িত থাকায় যথাক্রমে কাশিমপুর হাইসিকিউরিটি কেন্দ্রীয় কারাগার, গাজীপুরে কর্মরত কারারক্ষী নং ১৫৫১৫ মোঃ সাঈদ হাসানকে সাময়িক বরখাস্ত করতঃ বিভাগীয় মামলা রুজু করা হয়।

৮। শৃঙ্খলা জনিত কারণে সিলেট কেন্দ্রীয় কারাগার বাদাঘাটে কর্মরত সহকারি প্রধান কারারক্ষী নং ২১৯০৮ ছোটন কান্তি বিশ্বাস, জামিন বাণিজ্যে কারণে কুড়িগ্রাম জেলা কারাগারে কর্মরত কারারক্ষী নং ৩২১৫১ মোঃ জাহাঙ্গীর আলম, আর্থিক অনিয়মের কারণে ঢাকা কেন্দ্রীয় কারাগার কেরাণীগঞ্জ কর্মরত কারারক্ষী নং ১৪০৩০ মোঃ খোকন মিয়াকে সাময়িক বরখাস্ত করতঃ বিভাগীয় মামলা রুজু করা হয়। সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের এ সকল কর্মকান্ড হতে বিরত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।

উক্ত বিষয়সমূহ সকল পর্যায়ে সদস্যদের জ্ঞাতার্থে রোলকল/দরবারে পড়ে শুনানোর জন্য অনুরোধ করা হলো।



বাংলাদেশ জেল